

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকার শ্যামপুর-কদমতলী এলাকার ৬ (ছয়) টি কারখানাকে ২৮ লক্ষ ৮৩ হাজার ২৭২ টাকা এবং ঢাকা ও নরসিংদির অন্য ৪ (চার) টি কারখানা ও ২ (দুই) টি হাসপাতালকে ৩০ লক্ষ ৬২ হাজার ৯৮৬ টাকাসহ মোট ৫৯ লক্ষ ৪৬ হাজার ২৫৮ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ০১/০২/২০২২ ও ০২/০২/২০২২ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অন্তে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে ১) পূবালী ইন্ডাস্ট্রিজ লি., প্লট#১৬, রোড#১৭, শ্যামপুর-কদমতলী শি/এ, ঢাকা-কে ১ লক্ষ ৮৪ হাজার ৩২০ টাকা, ২) চাঁদনী টেক্সটাইল মিলস লি., ২৩, ঢাকা টু নারায়ণগঞ্জ রোড, শ্যামপুর-কদমতলী শি/এ, ঢাকা-কে ১ লক্ষ ৪৯ হাজার ৭৬০ টাকা, ৩) দি লিমিট এগ্রো প্রোডাক্টস লি., প্লট#০৯, রোড#১০, শ্যামপুর-কদমতলী শি/এ, ঢাকা-কে ৫০ হাজার টাকা, ৪) অটোবি লিমিটেড (ইউনিট:০৩), ২৯, ঢাকা টু নারায়ণগঞ্জ রোড, শ্যামপুর-কদমতলী শি/এ, ঢাকা-কে ১ লক্ষ ১০ হাজার ৩৯২ টাকা, ৫) মেসার্স বাহার ডাইং ওয়ার্কস, প্লট#০৪, কদমতলী রোড, শ্যামপুর-কদমতলী শি/এ, ঢাকা-কে ২ লক্ষ টাকা, ৬) কদমতলী ডাইং এন্ড প্রিন্টিং, প্লট#৭ ও ৯, রোড#১১, শ্যামপুর-কদমতলী শি/এ, ঢাকা-কে ২১ লক্ষ ৮৮ হাজার ৮০০ টাকা, ৭) মেসার্স ফাইভ এন্ড ফাইভ ডাইং প্রিন্টিং ওয়ার্কস লি., বাগহাটা, শিলমান্দী, নরসিংদী-কে ৪ লক্ষ ৭০ হাজার ৪০০ টাকা, ৮) কে.টি টেক্সটাইল মিলস, মাধবদী, নরসিংদী-কে ৫ লক্ষ ৮৮ হাজার ৮০০ টাকা, ৯) বি.এল এপারেলেস লি.-কে ৫ লক্ষ ৮৭ হাজার ৫২০ টাকা, ১০) তিথি ডাইং এন্ড প্রিন্টিং, কোতয়ালীরচর, মাধবদী, নরসিংদী-কে ৪ লক্ষ ৭০ হাজার ১৬ টাকা ১১) ফেমাস স্পেশালইজড হসপিটাল, প্লট#০৫, মেইন রোড, ব্লক# এইচ, মেরাদিয়া বাজার, বনশ্রী, রামপুরা, ঢাকা-কে ৪ লক্ষ টাকা এবং ১২) বিআরবি হসপিটাল লি., ৭৭/এ, পাছপথ, ঢাকা-কে ৫ লক্ষ ৪৬ হাজার ২৫০ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এ শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখঃ ০২/০২/২০২২ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ আঃ সালাম সরকার)

উপপরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোর্সঃ)